যুগান্তর
প্রিন্ট: ০৩ আগস্ট ২০২৫, ০৮:৪৫ এএম

সারাদেশ

# জাল সনদে স্কুল কমিটির সভাপতি হওয়ার অভিযোগ

চট্টগ্রাম ব্যুরো
প্রকাশ: ৩১ জুলাই ২০২৫, ১১:৪৫ পিএম

X




চট্টগ্রামে জাল সনদে একটি স্কুলের এডহক কমিটির সভাপতির পদ বাগিয়ে নেওয়ার অভিযোগ উঠেছে মোহাম্মদ আলী নামে এক যুবকের বিরুদ্ধে।

জানা গেছে, চলতি বছরের ২৪ মার্চ বোয়ালখালী উপজেলার উত্তর গোমদন্ডী উচ্চ বিদ্যালয়ের চার সদস্যের একটি এডহক কমিটি অনুমোদন দেওয়া হয়। চট্টগ্রাম শিক্ষা বোর্ডের তৎকালীন বিদ্যালয় পরিদর্শক বিপ্লব গাঙ্গুলি এ কমিটির অনুমোদন দেন। কমিটিতে সভাপতি পদ পান মোহাম্মদ আলী। আর পদাধিকার বলে সদস্য সচিব হন ওই বিদ্যালয়ের প্রধান শিক্ষক। অপর দুই সদস্য হলেন, শিক্ষক প্রতিনিধি আলিম উদ্দিন ও অভিভাবক প্রতিনিধি ইউছুপ মিয়া চৌধুরী।

X

সূত্র জানায়, নীতিমালা অনুযায়ী স্কুল কমিটির সভাপতি হতে হলে তাকে কমপক্ষে স্নাতক পাস হতে হবে। মোহাম্মদ আলী শিক্ষা বোর্ডে দাখিল, আলিম ও স্নাতক পাসের সনদ জমা দেন। স্নাতক পাসের সনদ হিসেবে তিনি সাদার্ন ইউনিভার্সিটির একটি কাগজ দেন। ওই সনদ অনুযায়ী, ২০০৩ সালে ওই ইউনির্ভাসিটি থেকে ‘ইসলামিক হিস্ট্রি অ্যান্ড কালচার’ বিভাগ থেকে পাস করেন তিনি।

কিন্তু, সাদার্ন ইউনিভার্সিটি কর্তৃপক্ষের সঙ্গে যোগাযোগ করে জানা গেছে, এ বিশ্ববিদ্যালয়ে উল্লেখিত নামে কোন বিষয় নেই। আছে ইসলামিক স্টাডিজ নামে একটি বিভাগ, যাও আবার চালু হয়েছে ২০১০ সালে।

জাল সনদ জমা দেওয়ার বিষয়ে জানার জন্য মোহাম্মদ আলীর ব্যবহৃত নাম্বারে একাধিকবার ফোন দেওয়া হলেও তিনি তা রিসিভ করেননি। খুদে বার্তা পাঠানো হলেও তিনি কোনো সাড়া দেননি।

জাল সনদে এডহক কমিটির সভাপতি পদ বাগিয়ে নেয়ার অভিযোগ প্রসঙ্গে জানতে চাইলে চট্টগ্রাম শিক্ষাবোর্ডের চেয়ারম্যান অধ্যাপক ইলিয়াছ উদ্দিন আহাম্মদ বলেন, ‘স্কুল কমিটির সভাপতি হতে হলে অবশ্যই স্নাতক পাস হতে হবে। কিন্তু জাল সনদ দিয়ে যদি কেউ পদ বাগিয়ে নেন এবং এ অভিযোগ যদি প্রমাণিত হয় অবশ্যই তাকে বাদ দেওয়া হবে।’

X